

মেডিক্যালের ভর্তিছুকে  
মাদকমুক্ত ও  
অধুমপায়ী হতে  
হবে ॥ নাসিম

স্টাফ রিপোর্টার, সিরাজগঞ্জ ॥  
আওয়ামী লীগের প্রেসিডিয়াম  
সদস্য ও স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ  
নাসিম বলেছেন, আগামী  
শিক্ষাবর্ষে মেডিক্যাল কলেজে  
ভর্তির যোগ্যতার মাপকাঠি শুধু  
মেধা নয়, ভর্তিছু শিক্ষার্থীকে  
মাদকমুক্ত ও অধুমপায়ী হতে  
হবে। নতুবা কোন শিক্ষার্থী  
মেডিক্যাল কলেজে ভর্তির যোগ্য  
বিবেচিত হবেন না। একজন সুস্থ  
ও সুস্থাস্থ্যের অধিকারী  
চিকিৎসকই জাতিতে নিশ্চিত  
সেবা দিতে পারে উল্লেখ করে  
মাদকমুক্ত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে  
তোলার ওপরও তিনি গুরুত্বারোপ  
করেন। তবে চলতি শিক্ষাবর্ষ  
(১৯ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

মেডিক্যালের ভর্তিছুকে

২০-এর পৃষ্ঠার পর)  
থেকে নয়, আগামী বছর এ নিয়ম  
প্রযোজ্য হবে। স্বাস্থ্যমন্ত্রী শনিবার  
সিরাজগঞ্জের কাজীপুরে স্বর্ণ কিশোরী  
নেটওয়ার্ক আয়োজিত কিশোরী  
সমাবেশে এং সিরাজগঞ্জে সবুজ  
কানন ফুল এ্যান্ড কলেজে শিক্ষার্থীদের  
সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির  
বক্তব্যে এসব কথা বলেন। এরপর  
বিকালে তিনি সিরাজগঞ্জ শহরের  
ডিন্টোরিয়া ফুল মাঠে বেসরকারী  
শিক্ষক সমিতি আয়োজিত এক

শিক্ষক সমাবেশে প্রধান অতিথির  
বক্তব্য দেন।  
সকালে কাজীপুরের রানী দীনমানি উচ্চ  
বিদ্যালয় মাঠে স্বর্ণ কিশোরী  
নেটওয়ার্ক আয়োজিত কিশোরী  
সমাবেশে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম  
ও তাঁর সহধর্মিণী লায়লা নাসিম এনে  
গৌছলে নেটওয়ার্কের চেয়ারম্যান  
ফারজানা ব্রাউনিয়া ও চ্যামেল আইর  
উপস্থাপক অপু মাইফুন্স তাঁদের স্বর্ণ  
কিশোরীর উত্তরীয় পরিয়ে দেন এবং  
ফুলেল গুডেচ্ছাসহ অতিথিদের  
অনুষ্ঠান মাঞ্ নিয়ে যান। এরপর স্বর্ণ  
কিশোরীদের উদ্দেশে মোহাম্মদ নাসিম  
বলেন, বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার  
নেতৃত্বে বাংলাদেশে নারীর ক্ষমতায়ন  
হয়েছে। বাংলাদেশের নারীরা এখন  
অনেক দূর এগিয়ে গেছে। দেশের  
প্রধানমন্ত্রী সংসদের স্পীকার  
বিরোধীদলীয় নেত্রী প্রধান বিরোধী  
দলের নেত্রী নারী। প্রশাসনের  
উচ্চপর্যায়ের অনেক নারী কর্মকর্তা  
রয়েছেন উল্লেখ করে তিনি দেশের  
দুই কোটি কিশোরীর শুধু স্বাস্থ্য  
সচেতনই নয়, দেশকে নেতৃত্ব দেয়ার  
যোগ্য নাগরিক হিসেবে গড়ে ওঠারও  
পর্যায় দেন। তিনি আরও বলেন,  
নারীর ক্ষমতায়নে বাংলাদেশ এখন  
বিশ্বের মধ্যে রোল মডেল। কিভাবে  
নারীর ক্ষমতায়ন করা যায়, সে  
ব্যাপারে বিশ্বের বড় বড় দেশ এখন  
বাংলাদেশের কাছ থেকে শিখতে  
চায়।  
অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য দেন  
স্বাস্থ্যমন্ত্রীর সহধর্মিণী ও শহীদ এম  
মনসুর আলী বেসরকারী মেডিক্যাল  
কলেজের পরিচালনা পর্ষদের  
চেয়ারম্যান বেগম লায়লা নাসিম ও  
স্বাস্থ্য অধিদফতরের পরিচালক  
আবদুল ওয়াহিদ আকন্দ।